# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶

| গ্রুপ-A | গ্রুপ-B |
|---|---|
| পাহাড়-পর্বত | জীবভূগোল |
| মানুষ | প্রাকৃতিক ভূগোল |
| জলবায়ু | মানব ভূগোল |
| গাছপালা | অর্থনৈতিক ভূগোল |

ক. ভূগোল শব্দটি কে সর্বপ্রথম ব্যবহার করেছেন? ১

খ. সমুদ্রবিদ্যার বিষয়বস্তু কী? ২

গ. গ্রুপ 'A'-এর উপাদানগুলো কোন পরিবেশের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মানবজীবনে গ্রুপ 'A' এবং গ্রুপ 'B' এর প্রভাব বিশ্লেষণ করো। ৪

২. ▶ ফ্লোরা বেগম শুক্রবার সকাল ৯টায় ঢাকা থেকে লন্ডনের উদ্দেশে রওনা দিলেন। লন্ডনের হিথ্রো বিমানবন্দরে নামার পর তিনি দেখলেন বিমানবন্দরের ঘড়িতে সন্ধ্যা ৬টা কিন্তু নিজের ঘড়িতে তখন রাত ১২টা।

ক. স্থানীয় সময় কাকে বলে? ১

খ. প্রমাণ সময় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. ফ্লোরা বেগমের দেখা শহরটির দ্রাঘিমা $0^\circ$ হলে ঢাকার দ্রাঘিমা কত? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত স্থানের সময়ের সঙ্গে ঢাকার সময়ের তারতম্য হওয়ার কারণ— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩. ▶





ক. স্থূল জন্মহার কী? ১

খ. অতি-জনাকীর্ণতা ব্যাখ্যা করো। ২

গ. মানচিত্রে 'P' চিহ্নিত অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব অধিক হওয়ার প্রাকৃতিক কারণ বর্ণনা করো। ৩

ঘ. 'Q' ও 'R' চিহ্নিত অঞ্চল দু'টির মধ্যে জনসংখ্যা ঘনত্বের তারতম্য বিশ্লেষণ করো। ৪

৪. ▶





ক. খনিজ কী? ১

খ. পাললিক শিলায় জীবাশ্ম দেখা যায় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উপরের চিত্রে 'A' চিহ্নিত স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উপরের চিত্রে 'B' ও 'C' স্তরের গঠন বৈশিষ্ট্যের ভিন্নতা আছে কী? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶




ক. বায়ুমণ্ডল কী? ১

https://teachingbd24.com

খ. বায়ুমণ্ডলে নাইট্রোজেন গ্যাস বেশি পরিমাণে থাকার সুবিধা কী বর্ণনা করো। ২

গ. 'Q' স্তরটির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. 'R' এবং 'S' স্তরের মধ্যে কোনটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ জনাব আকমল পশুপালন করে জীবিকা নির্বাহ করেন। তার ছেলে ফয়সাল ব্যাংকার এবং মেয়ে লাবণী চিকিৎসক।


ক. অর্থনৈতিক কার্যাবলি কাকে বলে? ১

খ. আমদানি-রপ্তানি বাণিজ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আকমলের কার্যাবলিটি কোন পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলি? ব্যাখ্যা করো।৩

ঘ. জনাব আকমলের অর্থনৈতিক কার্যাবলি এবং ফয়সাল, লাবণীর কার্যাবলি কী একই পর্যায়ভুক্ত? তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৭. ▶




Teachingbd24.com

ক. সূর্যের নিকটতম নক্ষত্রের নাম কী? ১

খ. নীহারিকা কী? ব্যাখ্যা করো। ২

গ. চিত্রে প্রদর্শিত 'C' চিহ্নিত গ্রহটির বর্ণনা দাও। ৩

ঘ. চিত্রের 'D' ও 'F' চিহ্নিত গ্রহ দুটির মধ্যে কোনটিতে জীবনধারণ সম্ভব? বিশ্লেষণ করো। ৪

৮. ▶ **দৃশ্যকল্প-১:** চৈত্র মাস, মিলি বিদ্যালয়ে যাওয়ার সময় দেখল, রাস্তার দু'ধারের ফসলি জমিগুলো ফেটে চৌচির হয়ে গেছে এবং ক্ষেতের ফসলগুলো শুকিয়ে তামাটে রং ধারণ করেছে।

**দৃশ্যকল্প-২:** শ্রাবণ মাস, সারাদিন গুঁড়িগুঁড়ি বৃষ্টি। ফাহিমদের এলাকার রাস্তাঘাট, স্কুল, কলেজ পানিতে তলিয়ে গেছে। এমনকি অনেকের ঘরে পানি উঠেছে।

ক. নদীভাজ্ঞন কাকে বলে? ১

খ. সুনামি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যকল্প-১ এ সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগের প্রতিক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগটি প্রতি বছরই বাংলাদেশে ব্যাপক ক্ষতি সাধন করে থাকে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯. ▶ কনক ও কাকন সাভার যাওয়ার পথে আমিন বাজার পার হওয়ার পরেই চোখে জ্বালাপোড়া অনুভব করে। তারা দেখতে পেল রাস্তার উভয় পাশে অনেক ইটের ভাটা।

ক. বায়ু দূষণ কী? ১

খ. পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. কনক ও কাকনের চোখ জ্বালাপোড়া করার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিবেশ উদ্ভিদকুলের উপর কীরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ করো। ৪

১০. ▶ জেবা বাবা-মায়ের সাথে পতেঙ্গা সমুদ্রসৈকতে বেড়াতে গেল এবং দেখল দূরে কর্ণফুলী নদীর মোহনায় একটি জাহাজ দাঁড়িয়ে আছে। জেবা লক্ষ্য করল, সমুদ্রের পানি হঠাৎ করে ফুলে ওঠতে শুরু করছে এবং জাহাজটি দ্রুত বন্দরে প্রবেশ করছে।


ক. মহীসোপান কাকে বলে? ১

খ. সমুদ্রস্রোত সৃষ্টির প্রধান কারণ ব্যাখ্যা করো। ২


গ. জেবার দেখা সমুদ্রের পানিতে পরিবর্তনের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মানবজীবনে পানির এরূপ পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ করো। ৪

১১. ▶




চিত্র-১



চিত্র-২

ক. গ্রামীণ বসতি কাকে বলে? ১

খ. বসতি কীভাবে গড়ে ওঠে? ২

গ. ১ নম্বর চিত্রে বসতি গড়ে ওঠার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. ২ নম্বর চিত্রের বসতির গঠন প্রক্রিয়া বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সৌরজগতের তৃতীয় বৃহত্তম গ্রহ কোনটি?**
ক) শনি    খ) বৃহস্পতি
গ) পৃথিবী    ঘ) ইউরেনাস

**২. কোন রেখা থেকে পূর্ব বা পশ্চিমের অবস্থান জানা যায়?**
ক) দ্রাঘিমারেখা
খ) মূলমধ্যরেখা
গ) অক্ষরেখা
ঘ) সমাক্ষরেখা

**৩. সৌরদিন হচ্ছে—**
i. ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড
ii. প্রায় ২৪ ঘণ্টা
iii. একদিন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৪. কোনটি প্রতিভূ অনুপাতের ইংরেজি সংক্ষিপ্ত রূপ?**
ক) RF    খ) GPS
গ) GIS    ঘ) GS

**৫. চুনাপাথর রূপান্তরিত হয়ে কোন শিলায় পরিণত হয়?**
ক) মার্বেল
খ) কাদা
গ) শ্লেটে
ঘ) সাইনাইট

**৬. নিচের কোনটি চ্যুতিস্তূপ পর্বত?**
ক) সাতপুরা
খ) ফুজিয়ামা
গ) হেনরি
ঘ) কিলিমানজারো

**৭. বায়ুমণ্ডলে জলীয়বাষ্পের পরিমাণ কত ভাগ?**
ক) ০.৮০
খ) ০.৮১
গ) ০.৪০
ঘ) ০.৪১

**৮. বায়ুর আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম কী?**
ক) হাইগ্রোমিটার
খ) হাইড্রোমিটার
গ) ব্যারোমিটার
ঘ) থার্মোমিটার

**৯. বঙ্গোপসাগর কী?**
ক) মহাসাগর    খ) সাগর
গ) উপসাগর    ঘ) হ্রদ

**১০. সমুদ্র তলদেশের ভূমিরূপকে কয়টি ভাগে ভাগ করা যায়?**
ক) ২    খ) ৩
গ) ৪    ঘ) ৫

**১১. লবণাক্ত জলরাশি নয়—**
i. নদী
ii. হ্রদ
iii. সাগর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১২. কোনটি জনসংখ্যার ঘনত্ব ও বন্টনের প্রাকৃতিক প্রভাবক নয়?**
ক) মৃত্তিকা    খ) খনিজ
গ) পানি    ঘ) শিক্ষা

**১৩. ২০১১ সালে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত ছিল?**
ক) ১.৪৮%
খ) ১.৫০%
গ) ১.৩৭%
ঘ) ১.১৭%

**১৪. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড কোনটি?**
ক) শিল্প
খ) কৃষি
গ) চিকিৎসা
ঘ) শিক্ষকতা

**১৫. শহরের জীবনে গতিময়তা কেমন?**
ক) প্রবল
খ) যৌথ
গ) স্থায়ী
ঘ) স্বস্তিকর

Teachingbd24.com

১৬. ইতস্তত বিক্ষিপ্ত বসতি দেখা যায়—

i. কানাডা  ii. যুক্তরাষ্ট্র

iii. অস্ট্রেলিয়া

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

১৭. শিল্পের আকার অনুসারে একে কত ভাগে ভাগ করা যায়?

ক ২  খ ৩

গ ৪  ঘ ৫

১৮. বাংলাদেশ কোনটি আমদানি করে থাকে?

ক চামড়া

খ জুতা

গ কাঁচা পাট

ঘ সুতা

১৯. সম্পদের বৈশিষ্ট্য হলো—

i. অভাব পূরণ করতে পারা

ii. যোগানের সীমাবদ্ধতা

iii. অবাধলভ্যতা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

২০. বাংলাদেশের অর্থনৈতিক একান্ত অঞ্চল কত নটিক্যাল মাইল?

ক ১০০  খ ২০০

গ ২২০  ঘ ২৫০০

২১. মধুপুর ও ভাওয়ালের গড় এলাকার মাটির রং কীরূপ?

ক লালচে বাদামি

খ লালচে ও ধূসর

গ ধূসর ও লাল

ঘ বাদামি ও লাল

২২. ব্রহ্মপুত্রের প্রধান উপনদী কোনটি?

ক বংশী

খ শীতলক্ষ্যা

গ তিস্তা

ঘ টাংগন

২৩. গম কোন মৌসুমের ফসল?

ক গ্রীষ্ম  খ বর্ষা

গ শীত  ঘ হেমন্ত

২৪. বর্তমানে কয়টি গ্যাসক্ষেত্র থেকে গ্যাস উৎপাদিত হচ্ছে?

ক ১৭  খ ১৮

গ ১৯  ঘ ২৫

২৫. হিউয়েন সাং বাংলাদেশে আসেন কত শতকে?

ক ৬ষ্ঠ  খ ৭ম

গ ৮ম  ঘ ৯ম

২৬. কোন জেলায় রেলপথ নাই?

ক রাঙামাটি  খ সিলেট

গ খুলনা  ঘ পাবনা

২৭. সমুদ্র যোগাযোগের জন্য বাধা হলো—

i. বরফ

ii. কুয়াশা

iii. উষ্ণ সমুদ্রস্রোত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

২৮. বাংলাদেশে কত জাতের পাখি আছে?

ক ১১৯

খ ১২৪

গ ৫১৭

ঘ ৫৭৮

২৯. বাংলাদেশে বনভূমির পরিমাণ কত?

ক ১৩%

খ ২৫%

গ ১৭%

ঘ ১৮%

৩০. প্রশমন-এর ইংরেজি প্রতিশব্দ কোনটি?

ক Mitigation

খ Prevention

গ Response

ঘ Recovery

Teachingbd24.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |